বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
(ভোকেশনাল শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২১০।

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩০৯.২৫-৪৩ তারিখ: ২০ আগস্ট, ২০২৬ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

**বিষয়: এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) নবম শ্রেণি পরীক্ষা ২০২৬ এর কেন্দ্র সম্পর্কিত তথ্য সংগ্রহ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) নবম শ্রেণি পরীক্ষা ২০২৬ এর প্রশ্নপত্র অনলাইনে প্রেরণের পূর্ব প্রস্তুতিস্বরূপ ২০২৬ সালের দশম শ্রেণি পরীক্ষার বিদ্যমান কেন্দ্র সমূহের কেন্দ্র কোড, কেন্দ্রের নাম, ইআইআইএন নম্বর, কেন্দ্রের ধরণ, কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নাম, কেন্দ্রের ইমেইল নম্বর, কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার মোবাইল নম্বর, হোয়াটসঅ্যাপ নম্বর, কেন্দ্রে নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সংযোগ আছে কি না, বিকল্প বিদ্যুৎ ব্যবস্থা, ফটোকপিয়ার মেশিন, প্রিন্টার, সিসি ক্যামেরা সম্পর্কিত ইত্যাদি তথ্য আগামী ৩১ আগস্ট, ২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নোক্ত গুগল ফরম লিংক এর মাধ্যমে প্রবেশ করে এন্ট্রি করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**গুগল ফরম লিংক:**
https://forms.gle/xYRPN2yXigdz1htJ8

**বিষয়টি অতীব জরুরী।**

২০/০৮/২০২৬
**(প্রকৌশলী মোঃ আবুল কালাম আজাদ)**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা, বোর্ড, ঢাকা

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩০৯.২৫-৪৩(৫) তারিখ: ২০ আগস্ট, ২০২৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১) সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২) আঞ্চলিক পরিচালক (ঢাকা, চট্রগ্রাম, রাজশাহী, রংপুর, বরিশাল, ময়মনসিংহ ও সিলেট অঞ্চল), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৩) অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, দশম পরীক্ষা ২০২৬ এর কেন্দ্র সমূহ।
৪) চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
৫) সংশ্লিষ্ট নথি।

২০/০৮/২০২৬
**(প্রকৌশলী জাকারিয়া আব্বাসী)**
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল)
ফোন: ০২-৫৫০০৬৫২৭ (অফিস)।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
(ভোকেশনাল শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩৩.২৫-১৭ তারিখ: ২৯ মার্চ, ২০২৬ খ্রিঃ

**বিজ্ঞপ্তি**

**বিষয়ঃ এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা ২০২৬ সুষ্ঠু, সুন্দর, নকলমুক্ত ও শান্তিপূর্ণ পরিবেশে গ্রহণের লক্ষ্যে সকল টিএসসি কেন্দ্রে সিসিটিভি ক্যামেরা স্থাপন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত আসন্ন এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা ২০২৬ সুষ্ঠু, সুন্দর, নকলমুক্ত ও শান্তিপূর্ণ পরিবেশে গ্রহণের লক্ষ্যে সকল পরীক্ষার কেন্দ্রে সিসিটিভি ক্যামেরা স্থাপনের জন্য মাননীয় শিক্ষা মন্ত্রী মহোদয়ের নির্দেশনা রয়েছে। এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা ২০২৬ এর যেসকল সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ (টিএসসি)-এ কেন্দ্র আছে সেসকল কেন্দ্রে অত্যাবশ্যকীয়ভাবে আগামী ১০ এপ্রিল, ২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে কেন্দ্রের পরীক্ষা কক্ষসহ গুরুত্বপূর্ণ জায়গাসমূহে সিসিটিভি ক্যামেরা স্থাপনের এবং সিসিটিভি ক্যামেরাতে ধারণকৃত সকল রেকর্ড প্রতি ০৭ (সাত) দিন পর পর পরীক্ষা চলা সময়ে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর (bteb.controller@gmail.com) উল্লিখিত ই-মেইলে প্রেরণ করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

**বিষয়টি অতীব জরুরী।**

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর।

**(প্রকৌশলী মোঃ রুহুল আমিন)**
চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩৩.২৫-১৭(৪) তারিখ: ২৯ মার্চ, ২০২৬ খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২) আঞ্চলিক পরিচালক (ঢাকা, চট্ট্রগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, বরিশাল, ময়মনসিংহ ও সিলেট অঞ্চল), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৩) চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
৪) সংশ্লিষ্ট নথি।

**(প্রকৌশলী মোঃ আবুল কালাম আজাদ)**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ০২-৫৫০০৬৫২৫ (অফিস)

*(একই স্মারক ও তারিখের বিকল্প অনুলিপি)*

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
(ভোকেশনাল শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩৩.২৫-১৩ তারিখ: ২৫ মার্চ, ২০২৬ খ্রিঃ

**বিজ্ঞপ্তি**

**বিষয়ঃ এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা ২০২৬ সুষ্ঠু, সুন্দর, নকলমুক্ত ও শান্তিপূর্ণ পরিবেশে গ্রহণের লক্ষ্যে প্রতিটি কেন্দ্রে সিসিটিভি ক্যামেরা স্থাপন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা ২০২৬ সুষ্ঠু, সুন্দর, নকলমুক্ত ও শান্তিপূর্ণ পরিবেশে গ্রহণের লক্ষ্যে কেন্দ্রের কন্ট্রোলরুম, পরীক্ষা কক্ষসহ গুরুত্বপূর্ণ সকল স্থানে সিসিটিভি ক্যামেরা স্থাপন করতে হবে। সিসিটিভিতে ধারণকৃত সকল রেকর্ড প্রতি ০৭ (সাত) দিন পর পর বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর (bteb.controller@gmail.com) এবং ভোকেশনাল শাখার (btebvoc.examination@gmail.com) উল্লিখিত ই-মেইলে প্রেরণ করতে হবে। যে সকল পরীক্ষা কেন্দ্রে সিসি ক্যামেরা নাই সে সকল কেন্দ্রে আগামী ১০/০৪/২০২৬ তারিখের মধ্যে সিসি ক্যামেরা স্থাপন করে বোর্ডকে অবহিত করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে সিসি ক্যামেরা স্থাপন না করলে কেন্দ্র বাতিল করা হবে।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**বিষয়টি অতীব জরুরী।**

**(প্রকৌশলী মোঃ আবুল কালাম আজাদ)**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ০২-৫৫০০৬৫২৫ (অফিস)

কেন্দ্রসচিব
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন সকল
এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষার কেন্দ্র।

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩৩.২৫-১৩(৮) তারিখ: ২৫ মার্চ, ২০২৬ খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
৩) মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
৪) সচিব/পরিচালক(কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫) আঞ্চলিক পরিচালক (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, বরিশাল, ময়মনসিংহ ও সিলেট অঞ্চল), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৬) সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭) চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
৮) সংশ্লিষ্ট নথি।

**(প্রকৌশলী জাকারিয়া আব্বাসী)**
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল)
ফোন: ০২-৫৫০০৬৫২৭ (অফিস)।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
(ভোকেশনাল শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২১০।

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩৩.২৫-৬৪ তারিখ: ১৯ আগস্ট, ২০২৬ খ্রিঃ

**বিষয়: বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন ২০২৬ সালের এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষার পাসের হার শূন্য এরূপ প্রতিষ্ঠানের তথ্য প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন ২০২৬ সালের এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষার পাসের হার শূন্য এরূপ প্রতিষ্ঠানের তথ্য নিম্নরূপ:

| ক্রঃ নং | প্রতিষ্ঠান কোড | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | ফরম পূরণকৃত শিক্ষার্থীর সংখ্যা | পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | ১৩১৬৬ | শাহাপুর মোস্তফাবিয়া দ্বিমুখী দাখিল মাদ্রাসা, ফুলবাড়ী, দিনাজপুর (দাখিল ভোকঃ)। | ২০ | ১৮ | |
| ২. | ১৭০৮৫ | কচাকাটা মডেল মহিলা টেকনিক্যাল এন্ড কলেজ, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | ৬ | ৩ | |
| ৩. | ১৮২১২ | চকমানিকপুর আমিনীয়া ফাজিল (ডিগ্রী) মাদ্রাসা, চকমানিকপুর, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা। (দাখিল ভোকঃ)। | ১৫ | ৩ | |
| ৪. | ২১০৬২ | নিমদীঘি টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট ইনস্টিটিউট,নিয়ামতপুর,নওগাঁ | ৭ | ৫ | |
| ৫. | ২১১৯৪ | জোতাবাজার আদর্শ উচ্চ বালিকা বিদ্যালয়, মান্দা, নওগাঁ। | ৬ | ৫ | |
| ৬. | ২৩০০৬ | কচুয়া কারিগরি ভোকেশনাল স্কুল ও বাণিজ্যিক মহাবিদ্যালয়,তানোর, রাজশাহী। | ১৬ | ১২ | ভোকেশনাল শাখা এমপিও ভুক্ত |
| ৭. | ২৩০৯০ | বালুদিয়াড় টেকনিক্যাল এন্ড বিএম কলেজ, চারঘাট, রাজশাহী। | ১১ | ৯ | |
| ৮. | ২৩০৯৮ | শ্রীপুর রামনগর টেকনিক্যাল বিএম কলেজ, বাগমারা, রাজশাহী। | ৩ | ১ | |
| ৯. | ২৩১৬৪ | শাহবাজপুর উচ্চ বিদ্যালয়, পুঠিয়া, রাজশাহী। | ২১ | ১৯ | |
| ১০. | ২৩১৯৯ | মুন্ডুমালা পৌরসভা সাদিপুর টেকনিক্যাল ভোকেশনাল ইনস্টিটিউট, মুন্ডুমালাহাট, তানোর, রাজশাহী। | ১৮ | ১০ | |
| ১১. | ২৩৩১২ | পশ্চিম জিকরা হাই স্কুল, চারঘাট, রাজশাহী। | ১০ | ৯ | |
| ১২. | ২৪০৫৬ | কলম কারিগরি স্কুল ও কলেজ, কলম, সিংড়া, নাটোর। | ৪২ | ৩৯ | ভোকেশনাল শাখা এমপিও ভুক্ত |
| ১৩. | ২৪১১৪ | বাগাতিপাড়া পৌরমহিলা কারিগরি স্কুল এন্ড কলেজ, বাগাতিপাড়া, নাটোর। | ১৮ | ১০ | |
| ১৪. | ২৫২৫৭ | কুটারগাঁতী দাখিল মাদ্রাসা, কুটারগাঁতী, রায়গঞ্জ, সিরাজগঞ্জ (দাখিল ভোকঃ)। | ৭ | ৩ | |
| ১৫. | ২৬০১৮ | ফজিলাতুন্নেছা গার্লস স্কুল, দুবলিয়া, সদর, পাবনা। | ৮ | ৭ | |
| ১৬. | ৩০০৪৫ | বলরামপুর দারুল সুন্নাহ দাখিল মাদ্রাসা, হরিণাকুন্ডু, ঝিনাইদহ (দাখিল ভোকঃ)। | ১৩ | ৮ | |
| ১৭. | ৩৩১৮১ | চাঁদপাড়া মাধ্যমিক বিদ্যালয়, চৌগাছা, যশোর। | ১৫ | ২ | |
| ১৮. | ৩৮০১১ | দক্ষিণ লতাবাড়ীয়া ইসলামিয়া দাখিল মাদরাসা, সদর, বরগুনা। | ১৪ | ১২ | ভোকেশনাল শাখা এমপিও ভুক্ত |
| ১৯. | ৪২০২২ | হিজলা বি এল পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়, হিজলা, বরিশাল। | ২ | ১ | |
| ২০. | ৪২০৮০ | কাছেমাবাদ ছিদ্দিকিয়া কামিল মাদ্রাসা, গৌরনদী, | ১০ | ৫ | |

| ক্রঃ নং | প্রতিষ্ঠান কোড | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | ফরম পুরণকৃত শিক্ষার্থীর সংখ্যা | পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | বরিশাল (দাখিল ভোকঃ)। | | | |
| ২১. | ৫৫০৬৮ | গোয়ালেরচর মাধ্যমিক বিদ্যালয়, ইসলামপুর, জামালপুর। | ৬ | ৪ | |
| ২২. | ৫৫১৩২ | সভারচর এইচ আর খান ভোকেশনাল ইনস্টিটিউট, ইসলামপুর, জামালপুর। | ১৫ | ১৩ | |
| ২৩. | ৫৮০৮১ | রাবেয়া শামসুদ্দিন কারিঃ গার্লস স্কুল, কেন্দুয়া নেত্রকোনা। | ৮ | ৬ | |
| ২৪. | ৫৮০৮৬ | আইডিয়াল কারিগরি স্কুল, সদর, নেত্রকোণা। | ৮ | ৬ | |
| ২৫. | ৫৮১০৭ | মালনী কারিগরি স্কুল, সদর, নেত্রকোণা। | ৩১ | ২৪ | |
| ২৬. | ৬৫০০৫ | চৌদ্দগ্রাম ফয়জুন্নেছা মহিলা মাদরাসা, চৌদ্দগ্রাম, কুমিল্লা। | ৬ | ৫ | |
| ২৭. | ৬৫১৯৭ | যশপুর পদুয়ারা সালেহিয়া দাখিল মাদ্রাসা, আদর্শ সদর, কুমিল্লা (দাখিল ভোকঃ)। | ৫ | ২ | |
| ২৮. | ৬৮০৯৫ | দাওয়াতুল ইমান মডেল বিজ্ঞান কারিগরি দাখিল মাদ্রাসা, গ্রাম: আফসারখিল, তালতলা বাজার, চাটখিল, নোয়াখালী (দাখিল ভোকঃ)। | ২ | ১ | |
| ২৯. | ৭৪০৭৯ | রুমখাপালং ইসলামিয়া আলিম মাদ্রাসা, রুমখাপালং, উখিয়া, কক্সবাজার (দাখিল ভোকঃ) | ১১ | ৭ | |

উক্ত তালিকা সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

১৯/০৮/২৬
**(প্রকৌশলী মোঃ আবুল কালাম আজাদ)**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা, বোর্ড, ঢাকা

সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণ: উপসচিব (কারিগরি-৩)]

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩৩.২৫-৬৪(৫) তারিখ: ১৯ আগস্ট, ২০২৬ খ্রিঃ

সদয় অবগতির নিমিত্তে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২) সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩) আঞ্চলিক পরিচালক (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, বরিশাল, ময়মনসিংহ ও সিলেট অঞ্চল), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৪) চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫) সংশ্লিষ্ট নথি।

**(প্রকৌশলী জাকারিয়া আব্বাসী)**
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল)
ফোন: ০২-৫৫০০৬৫২৭ (অফিস)।